

বাকুবির ১২২ জন ছাত্র-ছাত্রীর ভবিষ্যৎ নিয়ে প্রশ্ন

বাংলাদেশ কৃষি বিদ্যালয় সংবাদ-
পাতা ॥ বর্তমানে বাকুবিতে অধ্যা-
য়নরত ১২২ জন ছাত্র-ছাত্রীর
ভবিষ্যৎ কি? প্রশ্ন উঠছে জন-
মনে। ওরা বগুড়ায় বঙ্গবন্ধু শেখ
মুজিব কৃষি কলেজের ছাত্র-ছাত্রী।
বেসরকারী এই কলেজটিতে পড়ে
বাকুবির সার্টিফিকেট প্রাপ্তির
প্রত্যাশায় দিন গুণছিল ওরা। কলে-
জটিতে বিগত সরকারের আমলে
১৯৯৯-২০০০ শিক্ষাবর্ষেই ছাত্র-
ছাত্রীর ভর্তি বন্ধ করে দেয়। অথচ
বিগত সরকারের আমলেই কলেজটি
বাকুবির অন্তর্ভুক্ত হয়। নানার
জনীতি এবং অনিয়মের কারণেই
কলেজটি বন্ধ হয়ে যায় বলে অভি-
যোগে প্রকাশ।

ফলে বাকুবির অধিতুক্তি বাতিল
হয়ে যায় কলেজটির। বিপাকে পড়ে
যায় শিক্ষার্থীরা। বাকুবিতে ক্লাস
পরীক্ষার অনুমতি পায়। বাড়তি
ভর্তি, টিউশন ফি, আর্থনিক সমস্যা

সব মিলিয়ে হতাশায় দিন গুণছে
ওরা। বাকুবির শিক্ষার্থীরা বাকুবিতে
অধ্যয়নের অনুমতির বিষয়টি মেনে
নিতে পারছে না। তারা কলেজ
ঠেঁকাও বন্দে আন্দোলনও করছে।
তারা বলছে, প্রতিযোগিতামূলক
পরীক্ষার মাধ্যমে বাকুবিতে ভর্তি
হয়েছে। পাপ করবে প্রশাসন
আর গুণি টানব আমরা, এটা
হতে দেখা যায় না। কৃষি কলেজের
(বগুড়া) শিক্ষার্থীরা জানায়, বাকু-
বির অধিতুক্তি কলেজ স্তেনেই
বগুড়ায় ভর্তি হই।

এ নিয়ে কৃষি অনুষদের ডীন
প্রফেসর ডঃ সম-আলতাক হোসেন
জানান, বিষয়টির জটিলতা নিরসনে
ওরুৎ সহকারে দেখা হচ্ছে।